



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
ভূমি অধিগ্রহণ শাখা
www.naravanganj.gov.bd

নম্বর-০৫.৪১.৬৭০০.৩০২.১৪.০১৭.২৪. ২৩
তারিখ: ২৭ জানুয়ারি, ২০২৪।

গণবিজ্ঞপ্তি

বিষয়: গণচীন ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যৌথ অর্থায়নে বিদ্যুৎ বিভাগের আওতাধীন পিজিসিবি'র পিজিএনএস প্রকল্পের আওতায় বিদ্যমান ১৩২ কেভি হরিপুর-মদনগঞ্জ সঞ্চালন লাইন হতে নির্মাণাধীন বন্দর ১৩২/৩৩ কেভি জিআইএস গ্রিড উপকেন্দ্রে ১৩২ কেভি ফোর সার্কিট লাইন-ইন লাইন-আউট সঞ্চালন লাইন নির্মাণ কাজ শুরু করার লক্ষ্যে গণবিজ্ঞপ্তি জারি।

বিদ্যুৎ আইন, ২০১৮ এর ধারা ৬ এর উপ-ধারা (২) ও বিদ্যুৎ বিধিমালা, ২০২০ এর বিধি ৩ এর উপ-বিধি (৭) অনুযায়ী বিদ্যুৎ বিভাগের আওতাধীন পিজিসিবি'র পিজিএনএস প্রকল্পের আওতায় ১৩২ কেভি হরিপুর-মদনগঞ্জ সঞ্চালন লাইন হতে নির্মাণাধীন বন্দর ১৩২/৩৩ কেভি জিআইএস গ্রিড উপকেন্দ্রে ১৩২ কেভি ফোর সার্কিট লাইন-ইন লাইন-আউট সঞ্চালন লাইন নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলাধীন ধুপতারা ইউনিয়নের টিনগাঁও মৌজা ও তৎসংলগ্ন এলাকার উপর দিয়ে অতিক্রম করিবে। এ সময় সংশ্লিষ্ট এলাকার ফসলাদি (যদি থাকে), বৃক্ষরাজীর কিছু ক্ষতি হইতে পারে বিধায় সংশ্লিষ্ট সংস্থা বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত হারে ক্ষতিগ্রস্ত সকল মালিককে ফসলাদি, বৃক্ষরাজীর ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবে।


এই সব প্রকল্প দেশের সার্বিক উন্নয়নের স্বার্থে অতীব জনগুরুত্বপূর্ণ। এই ধরনের প্রকল্পের কাজ যাহাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হইতে পারে সেইজন্য সংশ্লিষ্ট এলাকার সকল জনসাধারণকে উক্ত উন্নয়ন কাজে সহযোগিতার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাইতেছে।

বর্ণিত যেই সমস্ত এলাকার উপর দিয়ে উক্ত বিদ্যুৎ সঞ্চালন লাইনসমূহ নির্মাণ করা হইবে সেই সমস্ত এলাকার উপজেলা নির্বাহী কর্মকর্তা, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ও অন্য সকল কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণকে বিশেষভাবে অনুরোধ করা যাইতেছে যে, তাহারা যেন এই বিষয়ে সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণকে সার্বিক সাহায্য ও সহযোগিতা প্রদান করেন।

এই প্রসঙ্গে সকলকে সতর্ক করে দেয়া হইল যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজে যাহারা প্রতিবন্ধকতা সৃষ্টি করিবে তাহাদের বিরুদ্ধে আইন মোতাবেক কঠোর ব্যবস্থা গ্রহণ করা হইবে।

এই কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করিবার জন্য সকলের সহযোগিতা কামনা করা যাইতেছে।

সংশ্লিষ্ট এলাকাসমূহ: নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলাধীন ধুপতারা ইউনিয়নের টিনগাঁও মৌজা ও তৎসংলগ্ন এলাকা।


মোহাম্মদ মাহমুদুল হক
জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ
ফোন: ০২-৪৭৬৫০৬৬৪

e-mail: dcnarayanganj@mopa.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, পাওয়ার গ্রীড নেটওয়ার্ক স্ট্রেন্থেনিং প্রজেক্ট, এডিনিউ-৩, জহুরুল ইসলাম সিটি, আফতাবনগর, বাড্ডা, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৫। সহকারী কমিশনার (ভূমি), আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আড়াইহাজার থানা, নারায়ণগঞ্জ।
- ৭। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নারায়ণগঞ্জ (ওয়েব পোর্টালে বিজ্ঞপ্তিটি আপলোড করার অনুরোধসহ)।
- ৮। উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৯। উপজেলা বন কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ১০। চেয়ারম্যান, ধুপতারা ইউনিয়ন পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ১১। সদস্য, নং ওয়ার্ড, ধুপতারা ইউনিয়ন পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ১২। জনাব , ধুপতারা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।